

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৯৪০

৮৯/ বল প্রয়োগের মাধ্যমে বাধ্য করা (كتاب الإكراه)

পরিচ্ছেদঃ ৮৯/১. আল্লাহর বাণীঃ তবে তার জন্য নয় (যাকে সত্য অস্বীকার করতে) বাধ্য করা হয়। কিন্তু তার অন্তর বিশ্বাসে অবিচলিত। আর যে সত্য অস্বীকারে অন্তর উন্মুক্ত রাখল তার উপর পতিত হবে আল্লাহর গযব..... (সূরাহ নাহল ১৬/১০৬)। আল্লাহ্ বলেনঃ তবে যদি তোমরা তাদের কাছ থেকে কোন ভয়ের আশংকা কর আর হুঁটা। একই অর্থ (সূরাহ আলে 'ইমরান ৩/২৮)। আল্লাহ্ আরো বলেন: যারা নিজেদের উপর জুলম করে, তাদের প্রাণ নেয়ার সময় ফেরেশতাগণ বলে, তোমরা কী অবস্থায় ছিলে। তারা বলে, দুনিয়ায় আমরা দুর্বল ছিলাম। তারা বলে, তোমরা নিজ দেশ ত্যাগ করে অন্য দেশে বসবাস করতে পারতে আল্লাহর দুনিয়া কি এমন প্রশস্ত ছিল না?.....আল্লাহ্ পাপ মোচনকারী ওক্ষমাশীল- (সূরাহ আন্-নিসা ৪/৯৭-৯৯)। আল্লাহ্ বলেন: এবং অসহায় নর-নারী ও শিশুদের জন্য? যারা বলে....সহায়-পর্যন্ত (সুরাহ আন্-নিসা ৪/৭৫)।

بَاب: وَقَوْلِ اللهِ تَعَالَى {إِلاَّ مَنْ أُكْرِهَ وَقَلْبُهُ مُطْمَئِنٌّ بِالإِيمَانِ وَلٰكِنْ مَنْ شَرَحَ بِالْكُفْرِ صَدْرًا فَعَلَيْهِمْ غَضَبَ مِنْ اللهِ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ وَقَالَ {إِلاَّ أَنْ تَتَقُوا مِنْهُمْ تُقَاةً } وَهِي تَقِيَّةٌ وَقَالَ {إِلاَّ أَنْ تَتَقُوا مِنْهُمْ تُقَاةً } وَهِي تَقِيَّةٌ وَقَالَ {إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمْ الْمَلاَئِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ إِلَى قَوْلِهِ {عَفُولًا غَفُورًا } وَقَالَ {وَالْمُسْتَضْعَفِينَ مِنْ الرِّجَالِ وَالنِّسَآءِ وَالْولْدَانِ النَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا}

আরবী

يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ خَالِد بْنِ يَزِيدَ عَنْ سَعِيد بْنِ أَبِي هِلَالٍ عَنْ هِلَال بْنِ أَسُامَةَ أَنَّ أَبًا سَلَمَةَ بْنَ عَبْدِ الرَّحْمٰنِ أَخْبَرَهُ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَدْعُو فِي الصَّلَاةِ اللهُمَّ أَنْجِ عَيَّاشَ بْنَ أَبِي رَبِيعَة وَسَلَمَة بْنَ هِشَامٍ وَالْوَلِيدَ بْنَ الْوَلِيدَ بْنَ اللهُمَّ أَنْجِ الْمُسْتَضْعَفِينَ مِنْ الْمُؤْمِنِينَ اللهُمَّ اشْدُدْ وَطْأَتَكَ عَلَى مُضَرَ وَابْعَتْ عَلَيْهِمْ سِنِينَ كَسِنِي يُوسُفَ

বাংলা

৬৯৪০. আবূ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দু'আ করতেন। হে



আল্লাহ্! আইয়াশ ইবনু আবূ রাবী'আ, সালামাহ ইবনু হিশাম, ওয়ালীদ ইবনু ওয়ালীদকে মুক্তি দাও। হে আল্লাহ্! দুর্বল মু'মিনদেরকে মুক্তি দাও। হে আল্লাহ্! মুযার গোত্রের উপর তোমার পাঞ্জা কঠোর করে দাও এবং তাদের ওপর ইউসুফের দুর্ভিক্ষের বছরগুলোর মত বছর পাঠিয়ে দাও। [৭৯৭] (আধুনিক প্রকাশনী- ৬৪৫৮, ইসলামিক ফাউন্ডেশন- ৬৪৭১)

English

Narrated Abi Huraira:

The Prophet (ﷺ) used to invoke Allah in his prayer, "O Allah! Save `Aiyash bin Abi Rabi`a and Salama bin Hisham and Al-Walid bin Al-Walid; O Allah! Save the weak among the believers; O Allah! Be hard upon the tribe of Mudar and inflict years (of famine) upon them like the (famine) years of Joseph."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন